# ALL INDIA RADIO
## RNU : KOLKATA
### Bengali Text Bulletin

**Date: 06.10.2023** **Time: 7.50 P.M.**

---

বিশেষ বিশেষ খবরঃ-

১) দীর্ঘ এক দশক পর কামদুনি ধর্ষণ এবং হত্যাকান্ডে দোষীদের ফাঁসির সাজা মকুব করে দিয়েছে কলকাতা হাইকোর্ট। এই সিদ্ধান্তকে চ্যালেঞ্জ জানিয়ে সুপ্রিম কোর্টে আবেদন করা হবে বলে জানানো হয়েছে।

২) রাজ্যের বিশ্ববিদ্যালয়গুলিতে অস্থায়ী উপাচার্য নিয়োগের বিষয়ে রাজ্যপালের সিদ্ধান্ত আজ সুপ্রিম কোর্টে খারিজ হয়ে গেছে।

৩) আবহাওয়ার পরিবর্তন হওয়ায় উত্তর ও দক্ষিণ বঙ্গের প্লাবন চিত্রেরও আজ কিছুটা উন্নতি হয়েছে।

৪) শহর কলকাতায় ডেঙ্গু পরিস্থিতি অনেকটাই নিয়ন্ত্রণে আছে বলে মেয়র ফিরহাদ হাকিম জানিয়েছেন। ডেঙ্গু আক্রান্ত হয়ে একদিনে রাজ্যে তিনজনের মৃত্যু হয়েছে।

৫) মেট্রো রেল অন্যান্য বছরের মতো এবছরও দুর্গাপুজোর দিনগুলিতে নর্থ সাউথ-এ সারারাত মেট্রো চালাবে।

---

দীর্ঘ এক দশক পর কামদুনি ধর্ষণ এবং হত্যাকান্ডে দোষীদের ফাঁসির সাজা মকুব করে দিয়েছে কলকাতা হাইকোর্ট। নিম্ন আদালতে ফাঁসির সাজাপ্রাপ্ত সইফুল আলি এবং আনসার আলির ফাঁসির সাজা মকুব করে আমৃত্যু কারাদণ্ডের নির্দেশ দিয়েছে বিচারপতি জয়মাল্য বাগচী এবং বিচারপতি অজয়কুমার গুপ্তের ডিভিশন বেঞ্চ। ফাঁসির সাজাপ্রাপ্ত আরও এক অভিযুক্ত আমিন আলিকে বেকসুর খালাসের নির্দেশ দেওয়া হয়েছে। এর পাশাপাশি নিম্ন আদালত ইমানুল ইসলাম, আমিনুল ইসলাম এবং ভোলানাথ নস্করকে যে আমৃত্যু কারাদণ্ডের নির্দেশ দিয়েছিল, তাও মকুব হয়ে গেছে। ইতিমধ্যেই ১০ বছর জেল খাটার কারণে বেঞ্চ আজ ওই তিনজনকে মুক্তি দিয়েছে।

--------------------

এদিকে, বিজেপি এই রায়কে বিচারের নামে প্রহসন বলে দাবি করেছে। রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার জানিয়েছেন, কোন অপরাধীকে গ্রেফতার করে তার বিরুদ্ধে উপযুক্ত তথ্য প্রমাণ পেশ করে তার শাস্তির ব্যবস্থা করার দায়িত্ব পুলিশের। দুর্ভাগ্যবশত এই অভিযুক্তরা শাসকদলের ঘনিষ্ট হওয়ার কারণে রাজ্য পুলিশ তাদের বিরুদ্ধে কোন তথ্য প্রমাণ পেশ করেনি বলে তাঁর অভিযোগ।

বাইট

সিপিআইএম রাজ্য সম্পাদক মহম্মদ সেলিমও জানিয়েছেন, তদন্তকারী সংস্থার ব্যর্থতাতেই কামদুনি কান্ডের দোষীরা ছাড়া পেয়েছে।

--------------------

রাজ্যের বিশ্ববিদ্যালয়গুলিতে অস্থায়ী উপাচার্য নিয়োগের বিষয়ে রাজ্যপালের সিদ্ধান্ত আজ সুপ্রিম কোর্টে খারিজ হয়ে গেছে। বিচারপতি সূর্য কান্ত এবং বিচারপতি দীপঙ্কর দত্তের বেঞ্চ জানিয়েছেন, আগামী দিনে রাজ্যপাল আর কোনও অন্তর্বর্তী উপাচার্য নিয়োগ

করতে পারবেন না। যারা ইতোমধ্যেই রাজ্যপালের সিদ্ধান্তে দায়িত্ব গ্রহণ করেছিলেন, তাঁরাও কোন সুযোগ-সুবিধা পাবেন না। বিশ্ববিদ্যালয়ের কোনও গুরুত্বপূর্ণ পদক্ষেপ নেওয়ারও তাদের অধিকার থাকবেনা।

উল্লেখ্য, বিশ্ববিদ্যালয়গুলিতে অস্থায়ী উপাচার্য নিয়োগ নিয়ে আচার্য সিভি আনন্দ বোসের সিদ্ধান্তকে চ্যালেঞ্জ করে সুপ্রিম কোর্টে গিয়েছিল রাজ্য। নিয়োগ নিয়ে রাজ্যের যা যা আপত্তি রয়েছে, পরের শুনানিতে আদালতে তা জানাতে হবে বলে শীর্ষ আদালত জানিয়েছে।

পাশাপাশি, সার্চ কমিটিতে মুখ্যমন্ত্রীর প্রতিনিধি রাখা নিয়ে রাজ্যের আবেদনেও এখনই সাড়া দেয়নি সুপ্রিম কোর্ট।

--------------------

এদিকে রাজ্যপাল তথা আচার্যের অস্থায়ী উপাচার্য নিয়োগ সংক্রান্ত বিষয়ে সুপ্রিম কোর্টের নির্দেশকে স্বাগত জানিয়ে অভিষেক বলেন, তাঁরা রাজ্য থেকে জমিদারি প্রথার অবসান ঘটানোর যে সংকল্প নিয়েছেন সুপ্রিম কোর্টের আজকের নির্দেশ তারই প্রথম ধাপ।

বাইট

বিজেপির মুখপাত্র শমীক ভট্টাচার্য বলেন, সুপ্রিম কোর্ট এর নির্দেশ প্রত্যাশিতই ছিল। তৃণমূল কংগ্রেস গায়ের জোরে বিশ্ব বিদ্যালয়ে দখলদারির চেষ্টা করছিল, সুপ্রিম কোর্ট উপাচার্য নিয়োগে সার্চ কমিটি গড়ার নির্দেশ দিয়ে তাদের সেই প্রয়াস বার্থ করে দিয়েছে

বাইট

--------------------

পিএম বিশ্বকর্মা যোজনা নিয়ে সংবাদ বিভাগের বিশেষ আলোচনার দ্বিতীয় তথা শেষ পর্ব শুনবেন আগামীকাল রাত আটটায়, গীতাঞ্জলি ও ১০৭ মেগাহার্টজ প্রচারতরঙ্গে এবং DTH বাংলায়।

এতে অংশ নিয়েছেন UCO Bank শঙ্করহাটি হাওড়া শাখার ম্যানেজার অমৃতা চক্রবর্তি, পুতুল শিল্পী সাধন পাল, মৃৎ শিল্পী তরুণ পাল ও ক্ষৌরকার তুষার দাস। সঞ্চালনায় কল্যাণ লাহা।

--------------------

আবহাওয়ার পরিবর্তন হওয়ায় উত্তর ও দক্ষিণ বঙ্গের প্লাবন চিত্রেরও আজ কিছুটা উন্নতি হয়েছে। সিকিমে আটকে থাকা রাজ্যের পর্যটকরা ফিরতে শুরু করেছেন। নামচি, গ্যাঙটক মিলিয়ে প্রায় তিন হাজার পর্যটক সিকিমে আটকে আছেন লাচুং, লাচেনে আটকে রয়েছে ১২০০ পর্যটক। তাদের নিরাপদে সরিয়ে আনার জন্য শুরু করা হয়েছে এয়ারলিফ্ট। জানা গিয়েছে বাগডোগরা থেকে লাচুং যাওয়ার জন্য হেলিকপ্টার ইতিমধ্যেই যাত্রা শুরু হয়েছে। পূর্ব ও পশ্চিম সিকিমে চারটে রাস্তা খুলেছে।

এদিকে ডিভিসি জল ছাড়ার পরিমাণ কিছুটা কমানোয় হাওড়া ও হুগলির প্লাবন পরিস্থিতির কিছুটা উন্নতি হয়েছে। দামোদর নদীর জলস্তর কমে যাওয়ার ফলে এখন আর নতুন করে গ্রামে জল ঢুকছে না। উদয়নারায়নপুর এবং আমতা দু জায়গাতেই বেশ কিছু গ্রামের কৃষিজমি এখনও জলমগ্ন রয়েছে। হঠাৎ বন্যার ফলে ধান, আলু এবং সবজি চাষের ব্যাপক ক্ষতি হয়।

অন্যদিকে ডিভিসি-র ছাড়া জলে ভাসছে হুগলির খানাকুল। এলাকা পরিদর্শনে গিয়ে গ্রামবাসীদের ক্ষোভের মুখে পড়েন তৃণমূল সাংসদ অপরূপা পোদ্দার। স্থানীয়দের অভিযোগ তিনদিন ধরে জলবন্দি, খাবার নেই, ত্রাণ মেলেনি, কেউ খোঁজও নেয়নি।

-------------------

প্রাকৃতিক দূর্যোগে বিধ্বস্ত পাহাড়ের পরিস্থিতি নিয়ে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি আজ জিটিএ প্রধান অনিত থাপার সঙ্গে কথা বলেন। নবান্নে আজ সকালে মুখ্যসচিব হরিকৃষ্ণ দ্বিবেদীর সঙ্গে জিটিএ প্রধানের বৈঠকের সময় ফোনে মুখ্যমন্ত্রীর সঙ্গে কথা হয়। প্রাকৃতিক দুর্যোগে পাহাড়ের যে ক্ষয়ক্ষতি হয়েছে, রাজ্য সরকারের তরফে তা পর্যালোচনা করা হচ্ছে বলে মুখ্যমন্ত্রী আশ্বস্ত করেছেন। পরিস্থিতি খতিয়ে দেখতে পাহাড়ে বিশেষ দল পাঠানোর কথা জনিয়েছেন তিনি।

অন্যদিকে অনিত থাপা, দুর্যোগ বিধ্বস্ত সিকিমকে কেন্দ্রীয় সরকার টাকা দিলেও কালিম্পংকে কেন টাকা দেওয়া হবে না সে প্রশ্ন তোলেন। এই দূর্যোগে তাদের এক হাজার কোটি টাকা ক্ষতি হয়েছে বলে সিকিম সরকার জানানোয় স্বরাষ্ট্র মন্ত্রক, ক্ষতিপূরন বাবদ প্রাথমিক ভাবে ৪৪ কোটি ৮০ লক্ষ টাকা অনুমোদন করেছে বলে সূত্রের খবর।

উল্লেখ্য, তিস্তার ভয়াল গ্রাসে কালিম্পং এ অন্তত ৩০০টি বাড়ি ক্ষতিগ্রস্থ। তবে এখনই ক্ষয়ক্ষতির পরিমাণ নির্দিষ্ট করে কিছু বলা যাচ্ছেনা। বাংলা-সিকিমের মধ্যে সংযোগকারী ১০ নং জাতীয় সড়কের একাধিক জায়গা ধসের কবলে। তার হাল ফেরাতে অন্তত ১০ দিন সময় লাগবে। যুদ্ধকালীন তৎপরতায় চলছে রাস্তা সারাইয়ের কাজ।

অন্যদিকে, সিকিম পাহাড়ে নতুন করে দুর্যোগের কারণে তিস্তায় ফের বিপর্যয়ের আশঙ্কা দেখা দিয়েছে। সতর্কবার্তা পেয়ে জলপাইগুড়ির তিস্তা পাড়ে মাইকিং শুরু করা

হয়েছে। খুলে দেওয়া হয়েছে ফ্লাড শেল্টার। বাসিন্দাদের নিরাপদ জায়গায় সরে আসারও পরামর্শ দেওয়া হচ্ছে।

জলপাইগুড়ির জেলাশাসক শামা পারভিন জানিয়েছেন, গত তিনদিনে ২৭ জনের দেহ উদ্ধা র হয়েছে। এর মধ্যে ৫ জন জওয়ান।

--------------------

ক্ষতিগ্রস্ত কালিম্পং-এ কেন্দ্রীয় সাহায্যের জন্য রাজ্য সরকারকে কেন্দ্রের কাছে আবেদন জানাতে হবে বলে বিজেপি জানিয়েছে। দলের রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার বলেন, সিকিমের সরকার কেন্দ্রের কাছে সহায়তা চেয়েছে বলেই অর্থ সাহায্য পেয়েছে। একইভাবে এরাজ্যে ক্ষতিগ্রস্ত জেলাগুলির সাহায্যের জন্যও আগে আবেদন করা প্রয়োজন।

--------------------

কেন্দ্রীয় প্রকল্পে বঞ্চনার অভিযোগ নিয়ে রাজ্যপালের সঙ্গে দেখা করতে তৃণমূল কংগ্রেসের এক প্রতিনিধি দল আগামী কাল দার্জিলিং যাচ্ছে। লোকসভায় দলের নেতা সুদীপ বন্দ্যোপাধ্যায়, রাজ্যের পঞ্চায়েত মন্ত্রী প্রদীপ মজুমদার এবং সাংসদ মহুয়া মৈত্র ওই প্রতিনিধি দলে থাকবেন। আজ রাজভবনের সামনে তৃণমূল কংগ্রেসের ধরনা মঞ্চ থেকে দলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায় একথা ঘোষণা করেছেন।

উল্লেখ্য উত্তর বঙ্গের বন্যা পরিস্থিতি খতিয়ে দেখতে রাজ্যপাল আগামীকাল ফের দিল্লি থেকে উত্তরবঙ্গে যাবেন বলে রাজভবন সূত্রে জানা গেছে।

বাইট

--------------------

প্রবল বৃষ্টিতে রাজ্যের সাত জেলা বন্যা কবলিত বলে জানিয়ে প্রদেশ কংগ্রেস সভাপতি সাংসদ অধীর রঞ্জন চৌধুরী প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকে প্রয়োজনীয় ত্রাণ সামগ্রী ও ওষুধপত্র দুর্গতদের কাছে পাঠানোর আর্জি জানিয়ে চিঠি দিয়েছেন। সাম্প্রতিক বর্ষণে পূর্ব ও পশ্চিম বর্ধমান,পশ্চিম মেদিনীপুর, বাঁকুড়া, দক্ষিণ ২৪ পরগনা, হাওড়া ও হুগলী জেলায় বহু মানুষ বন্যা দুর্গত। এর ফলে চাষের ব্যাপক ক্ষতি হতে পারে বলে আশঙ্কা করা হয়েছে। এই বিষয়টিও অধীরবাবু প্রধানমন্ত্রীকে চিঠিতে জানিয়েছেন।

--------------------

শহর কলকাতায় ডেঙ্গু পরিস্থিতি অনেকটাই নিয়ন্ত্রণে আছে বলে রাজ্যের পুর ও নগর উন্নয়ন মন্ত্রী, মেয়র ফিরহাদ হাকিম জানিয়েছেন। পুরো ভবনে আজ সাংবাদিকদের তিনি বলেন, এবছরের গোড়া থেকে বর্তমান সময় পর্যন্ত কলকাতা পুরসভা এলাকায় ডেঙ্গুতে আক্রান্তের সংখ্যা ৬০১৫ জন। একই সময়ে কলকাতা পুর এলাকায় ম্যালেরিয়ায় আক্রান্তের সংখ্যাও সাড়ে ৬ হাজারের বেশি। তবে তা গত বছর এর তুলনায় ৩১.৫ শতাংশ কম। ডেঙ্গু সম্পর্কে সবাইকে সচেতন থাকার আবেদন জানিয়েছেন তিনি।

এদিকে, ডেঙ্গু আক্রান্ত হয়ে একদিনে রাজ্যে তিনজনের মৃত্যু হয়েছে। এরমধ্যে একজন উত্তর ২৪ পরগণার বনগাঁর ঠাকাপাড়ার বাসিন্দা প্রশান্ত দাস এবং বাকি দুজন দক্ষিণ ২৪ পরগণার ভাঙরের ফতেমা বিবি ও সঞ্জয় রায়। এরা সকলেই বেলেঘাটা আইডি হাসপাতালে ভর্তি ছিলেন।

--------------------

মেট্রো রেল অন্যান্য বছরের মতো এবছরও দুর্গাপুজোর দিনগুলিতে কলকাতা এবং সংলগ্ন অঞ্চলের বিখ্যাত পুজোগুলো দেখার জন্য নর্থ - সাউথ এ সারারাত মেট্রো

চালাবে। কলকাতা মেট্রো রেলের মুখ্য জন সংযোগ আধিকারিক কৌশিক মিত্র আজ এখবর জানান।

তিনি বলেন, দক্ষিণেশ্বর - কবি সুভাষের মধ্যে পঞ্চমী ও ষষ্ঠির দিনে ২৮৮ , সপ্তমী অষ্টমী ও নবমীর দিন ২৪৮, দশমীর দিন ১৩২ এবং একাদশী থেকে ত্রয়োদশী পর্যন্ত ২৩৪ টি মেট্রো পরিষেবা দেওয়া হবে।

------------------- -------------------